আলমডাঙ্গায় নবাগত ইউএনও’র সাথে বিএনপি নেতৃবৃন্দের সাক্ষাৎ

আলমডাঙ্গার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহীনুর আক্তারের সাথে বিএনপি নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল বৃহস্পতিবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলুর নেতৃত্বে বিএনপি নেতারা ইউএনওর সাথে সাক্ষাৎ করেন। এসময় উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার, পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, উপজেলা সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলী আজগর সাচ্চু, যুবদল নেতা মাগরিবুর রহমান, মহাবুল মাষ্টার প্রমুখ।

সাক্ষাৎকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহীনুর আক্তার আলমডাঙ্গায় দায়িত্ব পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

দামুড়হুদায় উপজেলার নবাগত ইউএনও এবং ওসিকে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় মানব সেবা সেচ্ছায় রক্তদান সংগঠনের পক্ষথেকে দামুড়হুদা উপলেজার নাবাগত উপজেলা নিবাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল ও দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির কে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলার দুই নবাগত কর্মকর্তার কার্যালয়ে এ শুভেচ্ছা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মানব সেবা সেচ্ছায় রক্ত দান সংগঠনে সভাপতি এনামুল হক, সেক্রেটারি জাহিদুল ইসলাম, অর্থ সম্পাদক আকাশ মিয়া, দামুড়হুদা সদর ইউনিয় শাখার সভাপতি তালহা জুবায়ের, অর্থ সম্পাদক আকরাম মিয়া, সাংগনিক সম্পাদক আহসাফ মিয়া, প্রাচার সম্পাদক সাকিব মিয়া, হাউলী ইউনিয় শাখার সভাপতি জহিরুল ইসলাম, সেক্রেটারি আল আমিন, অর্থ সম্পাদক রিওন, কারপাসডাঙ্গা ইউনিয়ন সভাপতি রাহিমুল্লাহ, জুড়ানপুর ইউনিয় শাখার সহ সভাপতি বাবুল মিয়া, সহ সেক্রেটারি আবির, নাটুদাহ ইউনিয়ন শাখার সহ সভাপতি হুসাইন মিয়া, সেক্রেটারি আহাদ আলী, কার্পাসডাঙ্গা ইউনিয় শাখার সভাপতি রাহিমুল্লাহ, দপ্তর সম্পাদক আল আমিন রজব প্রাচার সম্পাদক আবু জিহাদ সিফাত, ক্রিয়া সম্পাদক রাব্বি, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ শাখার সভাপতি আকাশ মিয়া, অর্থ সম্পাদক হাফিজুর রহমান, প্রাচার সম্পাদক রিফাত মিয়া সহ রক্তদান সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও যুব রেডক্রিসেন্ট সৌসাইটির দামুড়হুদা উপজেলার যুব প্রধান মোঃ আব্দুর রহিম প্রমূখ।

দামুড়হুদায় সুধী সমাজের ব্যক্তিদের সাথে নবাগত ইউএনওর মতবিনিময়

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসারের সাথে সুধী সমাজের ব্যক্তিবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নবাগত উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম তনু, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আব্দুল কাদের, উপজেলা জামাতের আমীর নায়েব আলী, সেক্রেটারি জেনারেল আবেদ উদৌলা টিটন, সহকারী সেক্রেটারী

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় নবাগত ইউএনওর সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

আলমডাঙ্গার নবাগত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেন উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকরা। এছাড়াও উপজেলায় কর্মরত সিনিয়র সাংবাদিকেরা এ মতবিনিময় সভায় অংশ গ্রহণ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

এতে অংশ নেন- আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এনএইচ শাওন, যুগ্নসাধারণ সম্পাদক সনজু আহমেদ, আব্দুল্লাহ হক, সাংগঠনিক সম্পাদক আলামিন হোসেন, সিনিয়র সহ-সভাপতি রাশেদুজ্জামান রাজিব, সহ-সভাপতি তানজিদ সোহেল হিরো, কার্যনির্বাহী সদস্য ইউনুছ আলী মন্ডল, সালাউদ্দিন, শাহরিয়ার শরিফ, সাংবাদিক ইখলাস হোসেন, নাসির উদ্দীন, রানা মাহমুদ।

এছাড়াও সৌজন্য ও মতবিনিময় অনুষ্ঠানে অংশ নেন সিনিয়র সাংবাদিক দৈনিক কালের কন্ঠ ও দৈনিক মাথাভাঙ্গার ব্যুরো প্রধান রহমান মুকুল, দৈনিক আমাদের নতুন সময় ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার অফিস প্রধান প্রশান্ত বিশ্বাস, দৈনিক ইত্তেফাক ও দৈনিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার, দৈনিক সমকাল ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার অফিস প্রধান তানভির সোহেল, দৈনিক সময়ের আলো ও দৈনিক মাথাভাঙ্গার সহকারী ব্যুরো শরিফুল ইসলাম রোকন, দৈনিক আমাদের সময় পত্রিকার প্রতিনিধি আনোয়ার হোসেন, দৈনিক দেশের বানীর ব্যুরো প্রধান এমদাদ হোসেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাস বলেন, আলমডাঙ্গা উপজেলা নতুন, আমিও এখানে নতুন যোগদান করেছি। উপজেলার সার্বিক উন্নয়নে আমাকে অনেক চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। তাই উপজেলার সার্বিক উন্নয়ন অগ্রযাত্রায় সাংবাদিকদের ইতিবাচক সহযোগিতা কামনা করেন।

তিনি আরও বলেন, সাংবাদিকরা সমাজের দর্পন স্বরুপ। আলমডাঙ্গা একটি

আদর্শ এলাকা। এই এলাকার অনেক সুনাম রয়েছে। তাই উপজেলার উন্নয়ন কর্মকাণ্ডে সাংবাদিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। আমি আলমডাঙ্গা উপজেলায় ভালো কিছু করতে চাই। এ জন্য সাংবাদিকদের সহযোগিতা প্রয়োজন।

উল্লেখ্য, সৌজন্যে সাক্ষাৎ ও মতবিনিময় সভা শেষে আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের পক্ষ থেকে (ইউএনও)কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

গাংনীতে সাংবাদিকদের সাথে মতবিনিয়কালে নবাগত ইউএনও

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে গড়া সোনার বাংলা গড়তে হলে সাংবাদিকদের আরও বেশি আন্তরিক হতে হবে। সরকারের উন্নয়নকে আরও বেশি তুলে ধরতে হবে। সাংবাদিকদের লেখনির মাধ্যমে সমাজের অনিয়মন দুর্নীতি, উন্নয়নসহ বিভিন্ন কিছু মানুষ যেমন জানতে পারে। ঠিক তেমনিভাবে সরকারের উন্নয়নের কথাও জানতে পারে। সাংবাদিকদের দেয়া তথ্য সঠিক হওয়ায় সেখানে তড়িত ব্যবস্থা গ্রহনের মাধ্যমে জনদুর্ভোগ নিরসন হয়। ডিজিটাল বাংলাদেশ আজ স্মার্ট বাংলাদেশে রুপান্তিরিত হচ্ছে এটি বঙ্গবন্ধুর স্বপ্ন। সেই স্বপ্ন বাস্তবায়ন করতে উপজেলা প্রশাসন সর্বদা কাজ করবে।

সরকারের সমস্ত কাজের অংশিদার স্থানীয় ও মফস্বল সাংবাদিকরাও। সরকারের স্বপ্ন ও পরিকল্পনা বাস্তবায়নে আপনারা পাশে থাকবেন এমন প্রত্যাশা করেন। সাংবাদিকরা পাশে থাকলে সোনার বাংলায় সোনার গাংনী উপহার দিতে পারবো ইনশাল্লাহ। গাংনী উপজেলার নবাগত উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু সাংবাদিকদের সাথে মতবিনিময় কালে এসব কথা বলেন।

মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভার আয়োজন করেন উপজেলা প্রশাসন।

নবাগত উপজেলা নির্বাহি অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু গত সোমবার

সকালে গাংনী উপজেলা নির্বাহি অফিসার হিসেবে যোগদান করেছেন। যোগদান শেষে দ্বিতীয় দিনে তিনি গাংনীর উন্নয়ন ও পরিবর্তন নিয়ে সাংবাদিকদের সাথে মত বিনিময় করেন।

সভায় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভুমি) নাদির হোসেন শামীম। সাংবাদিকদের সাথে বিভিন্ন মতামতের বিভিন্ন মতামতের ভিত্তিতে গাংনী উপজেলার ইটভাটায় সৃষ্ট দুর্ভোগ নিয়ে বিষদ ভাবে আলোচনা করা হয়। এসময় সাংবাদিকার বলেন, গাংনী উপজেলার ইটভাটা মালিকরা অপ্রাপ্ত ও ড্রাইভিং লাইসেন্স বিহিন চালক দিয়ে উপজেলার বিভিন্ন রাস্তায় ইট বহন করে চলেছে। এসকল ইট বহনকারি ট্রলি স্যালোইঞ্জিন চালিত এবং ফিটনেস বিহিন। যার ধাক্কায় প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটে। এসকল ইট বহনকারি ট্রলির ধাক্কায় উপজেলায় অনেক শিশূর প্রাণ কেড়ে নিয়েছে। এসকল ইট বহনকারি গাড়ির চালক ও মালিকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার দাবী জানানো হয়।

এসময় বক্তব্য রাখেন, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুব আলম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, গাংনী রিপোর্টারস ইউনিটের সভাপতি আনারুল ইসলাম বাবু, বাংলা টিভি, দৈনিক মানবকন্ঠ,দৈনিক মেহেরপুর প্রতিদিন ও ঢাকা পোষ্টের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান , যায়যায়দিন পত্রিকার উপজেলা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশ, দৈনিক লাখোকন্ঠের জেলা প্রতিনিধি রফিকুল আলম বকুল,দৈনিক আমাদের সুর্যোদয়ের ভারপ্রাপ্ত সম্পাদক আতিক স্বপন, দৈনিক ইত্তেফাক উপজেলা প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, উপজেলায় বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিকবৃন্দরা এসময় উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় সাংবাদিকরা গাংনী উপজেলার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সঠিক ও দ্রুত ব্যবস্থা নেয়ার প্রত্যাশা করেন। গাংনী উপজেলার উন্নয়নকে আরও গতিশীল করতে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে তিনি সকল সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন।

দামুড়হুদায় নবাগত ইউএনও কে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা কে ফুলের শুভেচ্ছা জানিয়েছেন দামুড়হুদা উপজেলা শিল্পকলা একাডেমির সদস্যবৃন্দ।

সোমবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা শিল্পকলার সাবেক সভাপতি ইসমাইল হোসেন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, শিল্পকলার সঙ্গীত শিক্ষক আসমত আলী বিশ্বাস, আক্কাস আলী, সদস্য আবুল কালাম, বশির আহাম্মেদ, আব্দুল আলিম, সাইদুর রহমান, মাহফুজুর রহমান জনি, আরিফ মাহমুদ প্রমূখ।